# জাতীয় মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি ২০১৭

**শিল্প মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# সূচীপত্র


| অধ্যায় নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| অধ্যায়-১ | পটভূমি | ৩ |
| | মোটরসাইকেল শিল্পের সম্ভাবনা | ৩ |
| অধ্যায়-২ | ভিশন | ৪ |
| | মিশন | ৪ |
| | উদ্দেশ্য | ৪ |
| | লক্ষ্য | ৪-৫ |
| | নীতি বাস্তবায়ন কৌশল | ৫ |
| অধ্যায়-৩ | সংজ্ঞা | ৫ |
| | গবেষণা ও উন্নয়ন | ৬ |
| | মোটর সাইকেল ট্যারিফ নীতি | ৬ |
| | ভেন্ডর উন্নয়ন কার্য ক্রম | ৬ |
| | ভেন্ডর উন্নয়নে সহায়তা | ৬ |
| | যন্ত্রাংশের গুণগতমান | ৭ |
| | বাজার সম্প্রসারণ | ৬ |
| | মোটর সাইকেলের রেজিস্ট্রেশন ব্যয় | ৭ |
| | শিল্প কাঠামো ও শিল্পমান | ৭ |
| | কার্য কর ব্যবস্থাপনা নিশ্চিতকরণ | ৭ |
| অধ্যায়-৪ | পশ্চাৎ সংযোগ উন্নয়ন | ৮ |
| | বাজার এবং রপ্তানি-সংযোগ উন্নয়ন | ৮ |
| | ভোক্তার স্বার্থ সংরক্ষণ | ৮ |
| | খাতভিত্তিক মানব সম্পদ উন্নয়ন | ৯ |
| | দক্ষতা উন্নয়ন | ৯ |
| | প্রণোদনা | ৯ |
| | বিনিয়োগে আকৃষ্টকরণ প্রক্রিয়া | ৯ |
| | পরীক্ষা এবং মান নিয়ন্ত্রণ | ৯-১০ |
| অধ্যায়-৫ | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও পর্য ালোচন | ১০-১১ |
| | পরিষদের কার্য পরিধি | ১১ |
| | কারিগরি কমিটি | ১১ |
| পরিশিষ্ট-১ | মোটর সাইকেলের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের তালিক | ১২-১৮ |
| পরিশিষ্ট-২ | শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মোটর সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা | ১৯ |

# অধ্যায়-১

## পটভূমি

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে শিল্পায়নে গতি আনতে সরকার বদ্ধপরিকর। সে উদ্দেশ্য সামনে রেখে সম্ভাবনাময় মোটর সাইকেল খাতের উন্নয়নে সরকার একটি নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশে মোটর সাইকেল শিল্পের বর্তমান আবশ্যকতা হলো টেকসই এবং সুস্থ প্রতিযোগিতার ভিত্তি হিসেবে যন্ত্রাংশ নির্মাণ প্রক্রিয়া শক্তিশালীকরণ। বিশ্বব্যাপী প্রবল প্রতিযোগিতার কারণে উৎপাদনকারীগণকে উৎপাদন ব্যয় নিয়ন্ত্রণের প্রতি লক্ষ রাখতে হবে এবং সে সাথে প্রযুক্তি উন্নয়নসহ আর্থিক সামাজিক ও পরিবেশগত পরিবর্তনের সাথে তাদের খাপ খাইয়ে নিতে হবে। প্রতিযোগিতার বাজারে টিকে থাকা এবং সুস্থ প্রতিযোগিতা বজায় রাখার জন্যে মোটর সাইকেল শিল্পের জন্য কিছু কার্যক্রম গ্রহণ করতে হবে যেমন- উৎপাদন বৃদ্ধি, সবুজ উৎপাদন প্রযুক্তির প্রচলন, মোটর সাইকেল সংক্রান্ত সরবরাহ চেইন নেটওয়ার্ক ও একাডেমিক সেক্টরগুলোর সাথে সহযোগিতা বৃদ্ধি। এ কার্যক্রম গৃহীত হলে ক্রেতাদের চাহিদা পূরণের জন্য উৎপাদনে বৈচিত্রতা আনয়ন এবং আন্তর্জাতিক বাজারে প্রবেশ বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন ও তা প্রয়োগ সম্ভব হবে। গবেষণা ও উন্নয়নের বিষয়টিও এক্ষেত্রে অত্যন্ত প্রয়োজন হবে। ভোক্তার চাহিদা ও পরিবেশগত মানের দিকে লক্ষ রেখে এ শিল্পে গবেষণা ও উন্নয়ন জোরদার করা প্রয়োজন। সর্বোপরি বাংলাদেশে উৎপাদনকারীদের শক্তিশালীকরণের জন্য সরকারী ও বেসরকারী উভয় খাতের পারস্পরিক সহযোগিতা অত্যন্ত প্রয়োজন।

## ১.১ মোটরসাইকেল শিল্পের সম্ভাবনা

বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে সরকার জাতীয় শিল্পনীতি ২০১৬ অনুসরণ করে বিভিন্ন খাতে শিল্পায়নের প্রসারে কাজ করে যাচ্ছে। এই লক্ষ্যে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সার্বিকভাবে ৮ শতাংশ প্রবৃদ্ধি এবং ২০২০ সাল নাগাদ উৎপাদন খাতের অবদান মোট জাতীয় আয়ের ২১ শতাংশে উন্নীত করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

মোটরসাইকেল হালকা প্রকৌশল শিল্পের অন্তর্গত। এই শিল্পটি পশ্চাৎসংযোগ শিল্পের সাথে অঙ্গাঅঙ্গিভাবে জড়িত যা অধিক মূল্যসংযোজনকারী পণ্যের উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

বাংলাদেশে বর্তমানে নিবন্ধিত মোটরসাইকেলের সংখ্যা প্রায় ১৪ লক্ষ। স্থানীয়ভাবে উৎপাদিত মানসম্পন্ন যন্ত্রাংশ সরবরাহ করা সম্ভব হলে এবং যুক্তিসঙ্গত মূল্যে মানসম্পন্ন মোটরসাইকেল সরবরাহ নিশ্চিত করা গেলে মাথাপিছু মোটরসাইকেলের পরিমাণ দ্রুত বৃদ্ধি পাবে মর্মে প্রত্যাশা করা যায়।

মোটরসাইকেল শিল্প বিকাশের জন্য বাস্তবসম্মত কৌশল নির্ধারণ করে সামষ্টিক সমন্বয়ের মাধ্যমে এ শিল্পকে এগিয়ে নিয়ে যেতে হবে। এ লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ এবং কার্যক্রম বাস্তবায়নে কৌশল নির্ধারণের মাধ্যমে শিল্প মন্ত্রণালয় যথোপযুক্ত কর্তৃপক্ষ হিসেবে পুরো কার্যক্রমের নেতৃত্ব দেবে। এই প্রক্রিয়ার অংশ হিসেবে শিল্প মন্ত্রণালয় তথ্যভান্ডার প্রতিষ্ঠার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

# অধ্যায়-২

## ২.১ ভিশন

মোটর সাইকেল এর যন্ত্রাংশ তৈরির সক্ষমতা অর্জনপূর্ব কমোটর সাইকেল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে টেকসই মোটর সাইকেল উৎপাদন ব্যবস্থা সুনিশ্চিতকরণ।

## ২.২ মিশন

আগামী ১০ বছরে অর্থ াৎ২০২৭ সালের মধ্যে জাতীয় চাহিদা পূরণের সক্ষমতা অর্জন এবং বৈশ্বিক বাজারে অংশগ্রহণের সামর্থ্য হিসেবে আধুনিক, প্রতিযোগিতামূলক ও টেকসই মোটর সাইকেল উৎপাদন সহায়ক ভেন্ডর শিল্প গড়ে তোলা।

ক) এশিয়া মহাদেশে মোটর সাইকেল উৎপাদনের উল্লেখযোগ্য ভিত্তি হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করা;

খ) মোটর সাইকেল খাতে দেশি এবং বিদেশি বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে কার্য ক্রম গ্রহণ;

গ) মোটর সাইকেল শিল্প সহায়ক শুল্কনীতি প্রণয়ন;

ঘ) মোটর সাইকেল রপ্তানী সহায়ক সুযোগ সৃষ্টি;

ঙ) মোটর সাইকেল খাতে বিনিয়োগ সহায়ক ব্যাকিং সুযোগ-সুবিধা সৃষ্টি;

চ) উচ্চতর মান, নিরাপত্তা এবং পরিবেশের মান নিয়ন্ত্রণের জন্য অবকাঠামোর উন্নয়ন;

ছ) ভোক্তাদের কল্যাণ নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ;

জ) বাংলাদেশ অটোমোটিভ সংগঠনকে প্রয়োজনীয় সহায়তা;

ঝ) খাতভিত্তিক পর্য াপ্ত দক্ষ মানব সম্পদের যোগান;

ঞ) প্রযুক্তি হস্তান্তর;

ট) বর্ত মানে শক্তিশালী এবং উদীয়মান ভেন্ডরসমূহের উৎপাদন নেটওয়ার্ক সৃষ্টি;

ঠ) এ শিল্পের নিরাপদ ব্যবহার সুনিশ্চিত করা।

## ২.৩ উদ্দেশ্য

এ নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে নিম্নরূপ;

ক) দেশে ব্যাপক স্বল্প মূল্যের পরিবহন সুবিধার বিস্তার ঘটানো পাশাপাশি এর নিরাপদ ব্যবহার নিশ্চিত করা;

খ) জনগণের জন্য কর্ম সংস্থান সৃষ্টি ও দেশেরঅর্থ নৈতিতে সমৃদ্ধি আনয়ন ও দারিদ্র দূরীকরণ;

গ) দেশকে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের মোটর সাইকেল যন্ত্রাংশ উৎপাদনের উৎস হিসেবে উন্নীতকরণ;

ঘ) দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রযুক্তি ও ব্যবস্থাপনা প্রবর্ত নে মোটর সাইকেল শিল্পের উদ্যোক্তাদের উৎসাহিতকরণ।

## ২.৪ লক্ষ্য

এ নীতি প্রণয়নে সরকারের মূল লক্ষ্য মোটর সাইকেল শিল্পের উন্নয়ন সহায়তা ও ভোক্তাদের কল্যাণ সাধনার্থে মোটরসাইকেল শিল্প উৎপাদন ব্যবস্থাপনা ও শুল্কের মধ্যে একক ভারসাম্য সৃষ্টি করা। সে উদ্দেশ্যে এ নীতিমালার মাধ্যমে নিম্নবর্ণি ত লক্ষ্য অর্জনের পদক্ষেপ গৃহীত হবেঃ

ক) মোটর সাইকেলের উৎপাদন ২০২১ সালের মধ্যে ন্যূনতম ৫ লক্ষ এবং ২০২৭ সালের মধ্যে ১০ লক্ষে উন্নীতকরণ;

খ) প্রতিযোগিতামূলক দামে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে মানসম্মত মোটর সাইকেল সরবরাহ;

গ) মোটর সাইকেল শিল্প থেকে জিডিপির অবদান বর্তমান .৫% থেকে ২০২৫ সালের মধ্যে ২.৫% এ উন্নীতকরণ;

ঘ) মোটর সাইকেল উৎপাদনের পরিমাণ ২০২৭ সালের মধ্যে ১০% থেকে বাড়িয়ে ৫০% এ উন্নীতকরণ;

ঙ) মোটর সাইকেল খাতে প্রত্যক্ষ এবং পরোক্ষ কর্মসংস্থান ৫ (পাঁচ) লাখ থেকে বাড়িয়ে ২০২৭ সালের মধ্যে ১৫ (পনের) লাখে উন্নীতকরণ।

## ২.৫ নীতি বাস্তবায়ন কৌশল

বাংলাদেশে মোটর সাইকেল শিল্পের ধারাবাহিক উন্নয়নের জন্য কিছু মূল কৌশল অবলম্বন করা হবে। উপরিউক্ত লক্ষ্য অর্জনে প্রতিযোগিতামূলক কম মূল্যে প্রয়োজনীয় যন্ত্রাংশ উৎপাদন এবং এর বৈশ্বিক মান নিশ্চিত করতে হবে। একইভাবে ইন্টারমিডিয়ারী যন্ত্রাংশ স্থানীয়ভাবে উৎপাদন করতে হবে। এ নীতিমালার লক্ষ্য অর্জনের কৌশল হিসেবে নিম্নোক্ত বিষয়গুলো বাস্তবায়ন করা হবেঃ

ক) প্রযুক্তিগত ও মানবসম্পদের দক্ষতা বৃদ্ধি;

খ) অর্থনৈতিক মাপকাঠি অর্জন ও উৎপাদন ব্যয় হ্রাসকরণ;

গ) কাঠামোগত প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণ;

ঘ) একইসাথে স্থানীয় চাহিদা বৃদ্ধি, রপ্তানী ও আন্তর্জাতিক বাণিজ্য সুবিধার সুযোগ সৃষ্টি;

ঙ) স্থানীয় উৎপাদন (লোকালাইজেশন) প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।

# অধ্যায়-৩

৩.১ বাজার অর্থনীতি ব্যবস্থায় ব্যক্তিখাতকে শিল্প তথা অর্থনৈতিক উন্নয়নের প্রধান চালিকাশক্তি হিসেবে বিবেচনা করা হয়। এ লক্ষ্যে সরকার ব্যক্তিখাতের মাধ্যমে মোটর সাইকেল শিল্পায়ন ত্বরান্বিত করতে আগ্রহী।

**সংজ্ঞাঃ**

'মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান (OEM)' অর্থ মূসক ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেলের সমস্ত পার্টস নিজে প্রস্তুত করে অথবা চেসিস ও এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস নিজে প্রস্তুত করে এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ বা আমদানি করে মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে।

"ভেন্ডর" অর্থ মূসক ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যারা স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেল এর যন্ত্রাংশ প্রস্তুতপূর্বক মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় অথবা স্থানীয়ভাবে সরবরাহ করে থাকে।

"গুরুত্বপূর্ণ পার্টস" অর্থ জাতীয় রাজস্ব বোর্ড প্রণীত ০১/০৬/২০১৭ তারিখের এস.আর.ও- ১৫৫ বর্ণিত যন্ত্রাংশকে বুঝাবে।

গবেষণা ও উন্নয়ন

৩.২ মোটর সাইকেল শিল্প হচ্ছে একটা প্রযুক্তিনির্ভর শিল্প এবং এক্ষেত্রে বিনিয়োগে আকৃষ্ট করতে হলে কিছু পূর্ব শর্তপূরণ করা প্রয়োজন। এর মধ্যে অন্যতম হচ্ছে নতুন নতুন মডেল উদ্ভাবনে গবেষণা ও উন্নয়ন। নিয়মিত গবেষণা ও উন্নয়ন এ শিল্পে প্রতিযোগিতায় টিকে থাকার অন্যতম প্রাণশক্তি। গবেষণা উন্নয়ন কার্যক্রমকে সহায়তা প্রদানের মাধ্যমে এ খাতকে সমৃদ্ধ করার কার্যকর পদক্ষেপ নেয়া হবে।সরকারি অথবা বেসরকারি উদ্যোগে এক বা একাধিক গবেষণা, নিরীক্ষা বা উপাত্ত কেন্দ্র স্থাপন করা যাবে। বিশ্ববিদ্যালয়, এসোসিয়েশন বা জাতীয় পর্যায়েরগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানকে এ ধরনের কেন্দ্র স্থাপনে বিশেষ প্রণোদনা সুবিধা প্রদান করা হবে।

## ৩.৩ মোটর সাইকেল ট্যারিফ নীতি

মোটর সাইকেল উৎপাদনকারী এবং স্থানীয় বিক্রেতাগণ একই ধরনের হ্রাসকৃত কর সুবিধা ভোগ করবেন। মোটরসাইকেল যন্ত্রাংশ উৎপাদন সংশ্লিষ্ট কাঁচামাল আমদানীর উপর ১% নিম্নহারে কর আরোপিত হবে।

## ৩.৪ ভেন্ডর উন্নয়ন কার্যক্রম

স্থানীয় যন্ত্রাংশ উৎপাদনকারী শিল্প কারখানা একটি CKD (Complete Knocked Down) অথবা SKD (Semi Knocked Down) শিল্পের ভেন্ডর হিসেবে কাজ করতে পারে। নিম্নমূল্য এবং ব্যাপক ব্যবহার, শ্রমের সহায়ক বিনিময় মূল্য, নিম্ন সুদের হার এবং রেয়াতি কর কাঠামো এ শিল্পোন্নয়নের জন্য অবদান রাখে। দীর্ঘকালীন প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টি নিশ্চিতকল্পে ব্যাকওয়ার্ড লিংকেজ ও ফরওয়ার্ড লিংকেজেরঅব্যাহত উন্নয়নও জরুরী। দেশের জিডিপি, রপ্তানী ও কর্মসংস্থানের ক্ষেত্রে এটি শক্তিশালী ভূমিকা রাখে। এ বিষয়টিকে শিল্প উন্নয়নের একক শক্তিশালী গুণক রূপেও দেখা হয়। ভেন্ডর শিল্প যে সামগ্রিকভাবে দুটো লক্ষ্য অর্জনে ব্যাপকভাবে সাহায্য করে তা হলো উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি।

বাংলাদেশে শক্তিশালী ক্ষুদ্র ও মাঝারি খাতের ব্যবস্থা উন্নয়নের পরিবেশ রয়েছে এবং অধিকাংশ মোটর সাইকেল যন্ত্রাংশ নির্মাণ কোম্পানিগুলো হচ্ছে ক্ষুদ্র বা মাঝারি প্রতিষ্ঠান। এই কোম্পানিগুলো যাতে সহজেই টিকে যেতে পারে এবং স্থানীয় মোটর সাইকেল উৎপাদন এবং একই সাথে দেশের সামাজিক-অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে পারে এ লক্ষ্যে মোটর সাইকেল শিল্পকে সহায়তার জন্য সরকার বিভিন্ন শিল্পের মধ্যে সম্পর্ক সৃষ্টির পদক্ষেপ গ্রহণ করবে।

### ৩.৪.১ ভেন্ডর উন্নয়নে সহায়তা

প্রথম পর্যায়ে স্থানীয় যন্ত্রাংশ উৎপাদনকারীদের প্রযুক্তিগত জ্ঞান এবং ব্যবস্থাপনা সক্ষমতা যাচাইয়ের জন্য বৃহৎ পরিসরে মাঠ পর্যায়ে গবেষণাকার্যক্রম গ্রহণ করা হবে। গবেষণার ফলাফলের ভিত্তিতে স্থানীয় যন্ত্রাংশ সরবরাহকারী নির্বাচন করা হবে। এ ফলাফলের ভিত্তিতেঃ

১. সহায়তার কার্যকারিতা বৃদ্ধি করা হবে
২. যন্ত্রাংশ উৎপাদনকারীদের কার্যক্রম স্থিতিশীল করা হবে
৩. স্থানীয় যন্ত্রাংশ উৎপাদনকারীদের বিশ্বমানের প্রতিযোগিতা সক্ষমতা অর্জনের জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।

### ৩.৪.২ যন্ত্রাংশের গুণগতমান:

আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বাজারেরStandard বা মানদন্ড ও বিভিন্ন কমপ্লায়েন্সের সাথে সঙ্গতি রেখে মোটর সাইকেল যন্ত্রাংশের গুণগতমান নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

### ৩.৫ বাজার সম্প্রসারণ

মোটর সাইকেলের বাজার স্থানীয় এবং বৈশ্বিক। এর সরবরাহ সংযোগ প্রতিবেশী দেশ ছাড়িয়ে সারা পৃথিবী জুড়ে পরিব্যাপ্ত। যন্ত্রাংশের স্থানীয়করণের ফলে ভবিষ্যতে মোটর সাইকেলের বাজার সম্প্রসারণের সাথে সাথে রপ্তানিও বৃদ্ধি পাবে এবং শিল্পে প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি পাবে। ফলে দেশে বাণিজ্য ঘাটতি হ্রাস পাবে। এ লক্ষ্যে দেশে উৎপাদিত মোটর সাইকেলের বাজার সম্প্রসারণের কার্য কর উদ্যেগ গ্রহণ করা হবে।

### ৩.৬ মোটর সাইকেলের রেজিস্ট্রেশন ব্যয়

এ শিল্পের টেকসই প্রবৃদ্ধি, ভোক্তাস্বার্থ ও বাজার সম্প্রসারণ বিবেচনায় বিদ্যমান রেজিস্টেশনব্যয় বিশ্বের অন্যান্য দেশের সাথে সামঞ্জপূর্ণ করা হবে।স্থানীয় যন্ত্রাংশ উৎপাদনকরীদের অটো মার্কেটে নিজেদেরকে বিকশিত করার বিশাল সুযোগ রয়েছে। এই লক্ষ্যে তাদের আন্তর্জাতিক মান অর্জন করতে হবে এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে মান-অর্জন সনদ যেমনঃ ISO 9001:2015, ISO/TS 16949, ISO 14001, 0HSAS 18001, JIPM ইত্যাদি প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

### ৩.৭ শিল্প কাঠামো ও শিল্পমান

ন্যূনতম দশ লক্ষ মোটর সাইকেল উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে (Vertical) আনুভূমিক উৎপাদন কৌশল অনুসরণ করে একটি বড় কোম্পানি এককভাবে সাফল্য অর্জন করতে পারবেনা। পশ্চিমা এবং এশিয়ান দেশগুলোর মতো বড় মাত্রার উৎপাদনের ক্ষেত্রে Horizontal উৎপাদন কৌশল প্রয়োজন। একটি শিল্পে অনেকগুলো ছোট ছোট উৎপাদন কাজ এককভাবে করে থাকে। একটি কারখানার উৎপাদন অন্য কারখানা কাঁচামাল হিসেবে ব্যবহার করে। একটি শিল্পের অন্তর্গ তউৎপাদন এককগুলো অন্য উৎপাদন এককের জন্য চাহিদা তৈরি করে। চাহিদা তৈরি হলে একটি পূর্ণ াঙ্গ শিল্প কাঠামো তৈরি হবে মোটরসাইকেল শিল্পের বিকাশের ক্ষেত্রেও একই কাঠামো অনুসরণ করা হবে।

### ৩.৮ কার্য কর ব্যবস্থাপনা নিশ্চিতকরণ

মোটরসাইকেল শিল্পের সুষ্ঠু বিকাশের লক্ষ্যে কার্য করনীতি গ্রহণ ও পরিকল্পনা প্রণয়ন এবং কর্ম পরিকল্পনা বাস্তবায়নে জরুরী পদক্ষেপ গ্রহণ করা হবে। নিয়মিত পরিবীক্ষণ ও রিভিউ কার্য ক্রমের উপর অধিক গুরুত্ব আরোপ করা হবে শিল্প মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ, এসোসিয়েশনসহ সকলের সাথে কার্য করসমন্বয়ের ব্যবস্থা করা হবে।

# অধ্যায়-৪

## ৪.১ পশ্চাৎ সংযোগ উন্নয়ন

মোটরসাইকেল উৎপাদন ও বিক্রির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অন্যান্য দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলোর মতো এই শিল্পের উন্নয়নের জন্য একটি শক্তিশালী পশ্চাৎ সংযোগ শিল্প দরকার। ইঞ্জিন, সাসপেনশন এবং ফ্রেমের মতো উপাদানগুলোর জন্য নাট, বোল্ট ও ধাতব পাইপের মতো ধাতব যন্ত্রাংশের প্রয়োজন হয়। যেহেতু মোটরসাইকেল কোম্পানিগুলোর ক্ষেত্রে সব যন্ত্রাংশ নিজস্বভাবে উৎপাদন আর্থিকভাবেবাস্তবসম্মত নয় সেহেতু অগ্রাধিকারভিত্তিক পশ্চাৎ সংযোগ সৃষ্টি করা হবে। প্রথম পর্যায়ে স্থানীয় মোল্ড এবং যন্ত্রাংশ উৎপাদনকারীদের আর্থিক ও কারিগরিসহায়তা প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

## ৪.২ বাজার এবং রপ্তানি-সংযোগ উন্নয়ন

শিল্পে বিনিয়োগ আকৃষ্ট করার জন্য বাণিজ্যিক উৎপাদন শুরুর বছর হতে একটি নির্দিষ্ট সময়(ন্যূনতম ৫ বছর) পর্যন্ত নিম্নোক্ত প্রণোদনা ও সুযোগ-সুবিধাদি অব্যাহত থাকবেঃ

(ক) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিতরেয়াতি শুল্ক হারে আমদানির সুযোগ থাকবে। কাঁচামাল আমদানীর অনুমতির প্রক্রিয়া আরো সহজীকরণ করা হবে;

(খ) রপ্তানি পণ্যের জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারেশুল্ক প্রত্যার্পণ (Duty Drawback) এর সুযোগ থাকবে এবং শুল্ক প্রত্যার্পণ পদ্ধতি আরও সহজীকরণ করা হবে;

(গ) অপরিবর্তনীয় এবং নির্ধারিত ঋণপত্র/বিক্রয়চুক্তির বিপরীতে শতকরা ৯০ ভাগ পর্যন্ত ঋণ প্রদানের ব্যবস্থা থাকবে;

(ঘ) রপ্তানি পণ্যের আমদানি নির্ভর কাঁচামাল আমদানির ক্ষেত্রে বন্ডেড ওয়্যার হাউজ সুবিধা প্রদান করা হবে;

(ঙ) সরকারের প্রচলিত নীতির সাথে সঙ্গতি রেখে রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনের প্রয়োজনীয় ক্ষেত্রে নির্ধারিত পরিমাণ কাঁচামালের নমুনা শুল্কমুক্ত আমদানির সুবিধা রাখা হবে;

(চ) রপ্তানি পণ্যের দাম বিশ্ব বাজারে প্রতিযোগী করার নিমিত্ত পণ্য উৎপাদনে পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি ব্যবহার ও পণ্যের গুণগতমান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) রপ্তানীমুখী মোটরসাইকেল উৎপাদনের ক্ষেত্রে এর (C.C) সিসির উর্দ্ধসীমা পর্যায়ক্রমেউন্মুক্ত করা হবে।

## ৪.৩ ভোক্তার স্বার্থ সংরক্ষণ

মোটর সাইকেল উৎপাদন ও বিক্রয় সংশ্লিষ্ট যাবতীয় দলিলপত্রাদি, সনদপত্র, নিবন্ধন এবং পরীক্ষা পদ্ধতি উৎপাদক/ভোক্তার সহজসাধ্য করা হবে। সাধারণ ক্রেতাগণের ডিলার ও সরবরাহকারীরা যেন সকল দলিল, সনদ, নিবন্ধন ও পরীক্ষা পদ্ধতি সহজভাবে সম্পন্ন করতে পারে সেজন্য ব্যবস্থা নেয়া হবে।

## ৪.৪ খাতভিত্তিক মানব সম্পদ উন্নয়ন

মোটরসাইকেল শিল্পের সামগ্রিক বিকাশের জন্য যন্ত্রাংশ উৎপাদনকারী কোম্পানি/ভেন্ডর ও মোটরসাইকেল উৎপাদনকারী কোম্পানি (ওইএম), দুই ক্ষেত্রেই মানব সম্পদ উন্নয়নে জোর দেয়া হবে। প্রকৌশলী, শ্রমিক এবং ব্যবস্থাপক সবক্ষেত্রেই দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ কার্যক্রমজোরদার হবে। ভেন্ডর কোম্পানির ক্ষেত্রে যন্ত্রাংশের উৎপাদনশীলতা বৃদ্ধি, মজুত ব্যবস্থাপনা এবং প্রযুক্তির ব্যবহার- এই তিন ক্ষেত্রে ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। মোটর সাইকেল শিল্প খাতের জন্যে মানব সম্পদ উন্নয়নে নিম্নোক্ত দুটি ধাপ অনুসরণ করা হবেঃ

### ৪.৪.১ দক্ষতা উন্নয়ন

মোটর সাইকেল শিল্পের ক্রমবর্ধমান বৃদ্ধিতে সহায়তা প্রদানে সরকার সংশ্লিষ্ট সকল সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানসমূহে অটোমোবাইল বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি চালু করার পদক্ষেপ গ্রহণ করবে। বিটাকসহ অন্যান্য প্রতিষ্ঠানে দক্ষ শ্রমিক তৈরির কর্মসূচি চালু করা হবে। এক্ষেত্রে সরকারি এবং বেসরকারি সমন্বিত উদ্যোগকে অগ্রাধিকার দেয়া হবে।

### ৪.৪.২ প্রণোদনা

স্থানীয় যন্ত্রাংশ প্রস্তুতকারীগণকে (ভেন্ডর) OEM উৎপাদনকারী কোম্পানিগুলোতে বিভিন্ন যন্ত্রাংশ সরবরাহে উৎসাহ প্রদানের জন্য বিশেষ প্রণোদনা প্রদান করা হবে। স্থানীয় ভেন্ডারগণ কর্তৃক OEM উৎপাদনকারীগণের এ ধরনের সরবরাহকে আমদানি/রপ্তানির বিকল্প হিসেবে বিবেচনা করা হবে।

## ৪.৫ বিনিয়োগে আকৃষ্টকরণ প্রক্রিয়া

বৃহৎ মাত্রায় মোটরসাইকেল উৎপাদনের জন্য দেশিয় বিনিয়োগের পাশাপাশি বিদেশি বিনিয়োগও প্রয়োজন। বর্তমানে যৌথ উদ্যোগ প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানগুলো মূলত বিদেশ থেকে যন্ত্রাংশ এনে সংযোজন করে মোটরসাইকেল বাজারজাত করছে। যন্ত্রাংশ উৎপাদন স্থানীয়করণের জন্য বৃহৎ মাত্রার উৎপাদন প্রয়োজন। স্বল্প ও মধ্যমেয়াদে প্রকৌশল স্তরে দক্ষতা বৃদ্ধির কার্যকর উদ্যোগ নেয়া হবে। দীর্ঘ মেয়াদে প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির জন্যবৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করা হবে। যন্ত্রাংশ নির্মাণকারীদের অবকাঠামো সুবিধাসহ জমির সুবিধা প্রদানে সরকার দেশের বিভিন্ন স্থানে বিশেষ Automobile Components manufacturing park/ক্লাস্টারভিত্তিক শিল্প প্রতিষ্ঠান স্থাপন করার ব্যবস্থা নেয়া হবে।

## ৪.৬ পরীক্ষা এবং মান নিয়ন্ত্রণ

মোটর সাইকেল শিল্পের মান নিয়ন্ত্রণে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হবেঃ

ক) মোটর সাইকেলের গুণগত মান পরীক্ষা এবং সনদ প্রদান কার্যক্রমসহজ করা হবে এবং এর জন্য একটা যথাযথ কর্তৃপক্ষ গড়ে তোলা হবে।

খ) মোটর সাইকেলের প্রতিটি মডেল, উপাদান, যন্ত্রাংশ এবং এর ইঞ্জিন ক্ষমতা পরীক্ষা করে তিন বছরের জন্য সনদ প্রদান করা হবে।

গ) মোটর সাইকেলের প্রতিটি মডেল, বিশেষ করে ইঞ্জিন ক্ষমতা (CBU, CKD এবং স্থানীয়ভাবে উৎপাদিত) বাজারজাত করার আগে BRTA কর্তৃক সনদ গ্রহণ করতে হবে।

ঘ) সকল ধরনের মান পরীক্ষার উপর গুরুত্ব প্রদান করা হবে। সরকারি অথবা বেসরকারি উদ্যোগে আধুনিক "অটোমোবাইল টেস্টিং সেন্টার (ATC)" স্থাপন করা যাবে। এ সেন্টার থেকে Performance Test এবং Basic Raw Material Testing সুবিধা থাকবে।

## অধ্যায়-৫

### ৫.০ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও পর্যালোচনা

মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা বাস্তবায়ন সমন্বয়ের জন্য মাননীয় শিল্প মন্ত্রীর নেতৃত্বে একটি পরিষদ থাকবে, যা নিম্নোক্তভাবে গঠিত হবে। এ সমন্বয় পরিষদ মোটর সাইকেল শিল্প সংক্রান্ত নীতি-কাঠামো বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য সর্বোচ্চ পরিষদ হিসেবে বিবেচিত হবে।

| | | |
|---|---|---|
| 01. | মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| 02. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| 03. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| 04. | সচিব, সড়ক বিভাগ | সদস্য |
| 05. | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| 06. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| 07. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| 08. | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| 09. | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| 10. | চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত প্রকৌশল কর্পোরেশন | সদস্য |
| 11. | চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| 12. | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন | সদস্য |
| 13. | সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| 14. | অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| 15. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |

| | | |
|---|---|---|
| 16. | ডেপুটি গভর্ন র বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| 17. | নির্ব াহী সদস্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| 18. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| 19. | সভাপতি, বিমামা | সদস্য |
| 20. | সভাপতি, বিএমইএবি | সদস্য |
| 21. | সরকার কর্তৃক মনোনীত মোটর সাইকেল শিল্প বিশেষজ্ঞ (২ জন) | সদস্য |
| 22. | যুগ্ম সচিব (নীতি)/উপসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

## ৫.১ পরিষদের কার্য পরিধি

৫.১.১ প্রতি ০৬ (ছয়) মাসে পরিষদ একবার সভায় মিলিত হবে। পরিষদ মোটর সাইকেল উন্নয়ন নীতি যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবে এবং নীতি বাস্তবায়নে কোথাও কোন সমস্যা হলে তা সমাধান কিংবা সমাধানের সুপারিশ করবে।

৫.১.২ পরিষদ প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫.১.৩ মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি বাস্তবায়ন পর্য বেক্ষণ করা এবং প্রয়োজনীয় তথ্যউপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের ভিত্তিতে উৎপাদন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে নীতি/সুপারিশমালা প্রণয়ন করা;

## ৫.৩ কারিগরি কমিটি

বিষয়ভিত্তিক পর্য ালোচনা ও সুনির্দি ষ্ট প্রস্তাব/সুপারিশ প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস) এর নেতৃত্বে কারিগরি কমিটি গঠন করা হবে। প্রয়োজনীয়তার নিরিখে এই কমিটিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসাবে রাখা হবে।

মোটর সাইকেলের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের তালিকা

**TABLE-1**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 28.04 | 2804.80.00 | Arsenic |
| 29.29 | 2929.10.00 | Isocyanates |
| 38.14 | 3814.00.00 | Organic Composite solvents and thinner |
| 38.24 | 3824.90.90 | Electroplating chemicals |
| 39.02 | 3902.10.00 | Polypropylene |
| | 3902.30.00 | Polypropylene copolymers |
| 39.03 | 3903.19.00 | Polypropylene (GPPS) |
| | 3903.20.00 | Styrene-acrylonitrile (SAN) copolymers |
| | 3903.30.00 | Acrylonitrile-butadiene-styrene (ABS) copolymers |
| 39.06 | 3906.10.00 | Poly (methyl methacrylate) |
| 39.07 | 3907.20.00 | Other polyethers |
| | 3907.40.00 | Polycarbonates |
| 39.09 | 3909.50.00 | Polyurethanes |
| 39.10 | 3910.00.00 | Silicones in primary forms |
| 40.02 | 4002.99.00 | Other synthetic rubber |
| 72.08 | 7208.10.90 | Hot rolled Sheet |
| | 7208.52.10 | Hot rolled Sheet<br>(Plates-thickness of 4.75mm but not exceeding 10mm) |
| | 7208.53.00 | Hot rolled Sheet<br>(Plates-thickness of 3mm but less less than 4.75 mm) |
| 72.09 | 7209.15.00 | Cold rolled Sheet - (Plates- thickness of 3mm or more) |
| 72.12 | 7212.50.00 | Otherwise plated or coated iron or non-alloy steel |
| | 7215.10.00 | Non-alloy bar |
| | 7215.90.00 | Other bar |
| 72.21 | 7221.00.00 | Stainless steel bars and rods |
| 72.24 | 7224.90.00 | Semi finished alloy product |
| 72.25 | 7225.92.00 | Zinc plated or coated flat rolled products |
| 72.27 | 7227.90.00 | Other bar and rods |
| 72.28 | 7228.70.00 | Angles, shapes and sections |
| 73.01 | 7301.20.00 | Welded angles, shapes and sections |
| 73.15 | 7315.19.00 | Parts of chain |
| 76.01 | 7601.20.00 | Aluminium alloy |
| 76.04 | 7604.29.00 | Bar, rods, and profile of aluminium alloy |
| 78.01 | 7801.10.00 | Refined lead |
| 81.10 | 8110.10.00 | Antimony ingot |
| 83.11 | 8311.30.00 | Coated rod & cored wire |
| 84.80 | 8480.49.00 | Mould |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| 82.07 | 8207.90.90 | Other Tools & Dies |
| 84.66 | 8466.30.20 | Jigs & Fixtures |
| 32.08 | 3208.20.10 | Paints and varnished (Lacquers) |
| | 3208.90.90 | Pre treatment chemicals for painting operations |
| | 4016.99.90 | Other articles of vulcanized rubber |
| 59.03 | 5903.90.90 | Other textile fabrics, impregnated, coated, covered or laminated with plastics |
| 73.04 | 7304.39.10 | Tubes, pipes and hollow profiles |
| 73.06 | 7306.11.20 | Bended steel tube/pipes |
| 73.06 | 7306.30.90 | Other tubes, pipes and hollow profiles (for example, open seam or welded or riveted or similarly closed), of iron or non-alloy steel |
| | 7306.50.00 | Other, welded, of cross- section, of other alloy steel |
| | 7306.90.11 | Other, ERW precision tubes of Iron |
| | 7306.90.90 | Other, ERW precision tubes of other |
| 39.01 | 3901.10 00 | LLDPE |
| | 3901.90 00 | LMPDE |
| 39.04 | 3904.22.10 | Poly vinyl chloride resins (emulsion grade) |
| 40.02 | 4002.70 00 | EPDM |
| 39.26 | 3926.90.99 | Other polyurethane foam |
| 32.12 | 3212.90 00 | Metallic powders |
| 39.03 | 3903.10.90 | Rexine |
| 74.19 | 7419.91.00 | Casting & forging semifinished parts |
| 32.09 | 3209.90.90 | LB 66 ACED MOD 2 PIGMENT PASTE F1 ( Generic Name - Pigment Paste) |
| 32.09 | 3209.90.90 | LB 66 ACED MOD 2 RESIN EMULSION F2 ( Generic Name - Resin Emulsion ) |
| 34.02 | 3402.90.19 | ADDITIVE - D ( Generic Name - Surfactant) |
| 32.09 | 3209.90.90 | ADDITIVE - ZD ( Generic Emulsion - Resin Emulsion ) |
| 29.15 | 2915.29.90 | ADDITIVE - MX ( Generic Name - Acetic Acid ) |
| 38.14 | 3814.00.10 | ADDITIVE- SX ( Generic Name - Organic Solvent ) |
| 38.11 | 3811.90.00 | Fixodine 50CF ( Generic Name- Activation ) |
| 38.11 | 3811.90.00 | Bonderite M Zn 2030A ( Generic Name - Phosphating ) |
| 38.11 | 3811.90.00 | Bonderite M Zn 2030E ( Generic Name - Phosphating ) |
| 38.11 | 3811.90.00 | Bonderite MAD 131 ( Generic Name - Phosphating ) |
| 38.11 | 3811.90.00 | Granotonner C16 ( Generic Name - Phosphating ) |
| 38.11 | 3811.90.00 | Derustalk 1 ( Generic Name - Degreasing ) |
| 38.11 | 3811.90.00 | Kem WCI 02 Generic Name - Rust Priventive Oil ) |
| 34.02 | 3402.90.92 | Ridoline 4045 ( Generic Name - Degreasing ) |
| 34.02 | 3402.90.92 | Ridosol 400 ( Generic Name - Degreasing ) |
| | | |
| | | |

| TABLE-II | | |
|---|---|---|
| **Heading** | **H.S. Code** | **Description** |
| (1) | (2) | (3) |
| 39.19 | 3919.90.99 | Adhesive sticker |
| 39.21 | 3921.90.99 | Sticker |
| | | Decal |
| 40.11 | 4011.40.00 | Tyre |
| 40.13 | 4013.90.20 | Tube |
| 40.16 | 4016.93.00 | Gaskets , washers and other seals |
| 40.16 | 4016.93 40 | Grommet/ O'Ring |
| 40.09 | 4009.12.00 | Hose & Hose assy |
| 70.07 | 7007.29.00 | Wind shield |
| 70.09 | 7009.10.00 | Mirror |
| 73.18 | 7318.15.90 | Screws & bolts |
| | 7318.15.00 | Nuts |
| | 7318.22.00 | Washer |
| | 7318.23.90 | Rivet |
| 73.20 | 7320.90.90 | Other springs |
| 73.26 | 7326.19.00 | Semi finished alloy wheel |
| 74.15 | 7415.33.90 | Screws |
| | 7415.39.90 | Bolts & nuts (other Rivets) |
| 83.01 | 8301.20.10 | Main lock |
| 83.10 | 8310.00.00 | Name plate |
| 84.21 | 8421.23.00 | Oil filter |
| | 8421.31.00 | Air Filter |
| 84.83 | 8483.90.00 | Toothed wheels, chain sprockets & others |
| 85.07 | 8507.10.00 | Battery |
| 85.11 | 8511.10.00 | Sparking plugs |
| | 8511.20.10 | Ignition magnetos |
| | 8511.30.00 | DC CDI unit, coil (LH/RH) |
| | 8511.40.10 | Starter |
| | 8511.90.00 | Other parts |
| 85.12 | 8512.20.00 | Headlamp & headlamp assembly |
| | 8512.20.00 | Indicator set |
| | 8512.20.00 | Number plate lamp |
| | 8512.30.00 | Horn |
| 85.36 | 8536.10.00 | Fuse |
| | 8536.49.90 | Starter relay-with grommet |
| | 8536.50.00 | Switch |
| | 8536.61.00 | Lamp Holder |
| 85.39 | 8539.32.90 | Indicator lamp |
| 85.44 | 8544.30.00 | Wiring set |
| 85.46 | 8546.90.90 | Electrical tape |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| 85.47 | 8547.20.00 | Connector housing |
| 87.11 | 8411.20.91 | Engine in CBU Condition |
| 87.14 | 8714.10.90 | Axle |
| | 8714.10.90 | Arm brake rear |
| | 8714.10.90 | After the foot mounting plate |
| | 8714.10.90 | After the foot limit board |
| | 8714.10.90 | After being a bumper |
| | 8714.10.90 | After the center cover |
| | 8714.10.90 | After the sign |
| | 8714.10.90 | Battery arrestor |
| | 8714.10.90 | Battery arrestor bkt |
| | 8714.10.90 | Battery pipe |
| | 8714.10.90 | Brake pedal assy |
| | 8714.10.90 | Brake shoe |
| | 8714.10.90 | Bush 1- windshield |
| | 8714.10.90 | Bush 2- windshield |
| | 8714.10.90 | Battery box |
| | 8714.10.90 | Brake rod rear |
| | 8714.10.90 | Before the brake |
| | 8714.10.90 | Break Padel |
| | 8714.10.90 | Bumper |
| | 8714.10.90 | Bumper assembly |
| | 8714.10.90 | Brace fender |
| | 8714.10.90 | Cage bearing steering |
| | 8714.10.90 | Cap - swing arm |
| | 8714.10.90 | Chain adjuster s/a lh |
| | 8714.10.90 | Clamp |
| | 8714.10.90 | Clamp (breather tube) |
| | 8714.10.90 | Collar |
| | 8714.10.90 | Connector pte |
| | 8714.10.90 | Coupling |
| | 8714.10.90 | Cup-steering |
| | 8714.10.90 | Clip |
| | 8714.10.90 | Cable speedometer |
| | 8714.10.90 | Cowling (fairing) |
| | 8714.10.90 | Cock fuel |
| | 8714.10.90 | Cowling body |
| | 8714.10.90 | Cap cleaner |
| | 8714.10.90 | Carrier rear |
| | 8714.10.90 | Cap lock |
| | 8714.10.90 | Cotter |
| | 8714.10.90 | Clutch control |
| | 8714.10.90 | Chain cover |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| | 8714.10.90 | Damper (front and rear) |
| | 8714.10.90 | Damper center stand |
| | 8714.10.90 | Damper front fender |
| | 8714.10.90 | Dash board |
| | 8714.10.90 | Dust seal |
| | 8714.10.90 | End plug handle bar |
| | 8714.10.90 | Flasher |
| | 8714.10.90 | Front axle |
| | 8714.10.90 | Fuel cock assy |
| | 8714.10.90 | Front fender |
| | 8714.10.90 | Front fork assy |
| | 8714.10.90 | Fender (front & rear ) |
| | 8714.10.90 | Front and rear disc brake system |
| | 8714.10.90 | Front mark |
| | 8714.10.90 | Fairing |
| | 8714.10.90 | Front brake |
| | 8714.10.90 | Flange final driven |
| | 8714.10.90 | Foam Side flap |
| | 8714.10.90 | Fixing |
| | 8714.10.90 | Flap cowling |
| | 8714.10.90 | Gear change leaver |
| | 8714.10.90 | Grip handle assembly |
| | 8714.10.90 | Gear shift pedal |
| | 8714.10.90 | Handle bar |
| | 8714.10.90 | Handle set |
| | 8714.10.90 | Hook |
| | 8714.10.90 | Inlet pipe |
| | 8714.10.90 | Instruction |
| | 8714.10.90 | Kick lever |
| | 8714.10.90 | Lever complete gear shifter |
| | 8714.10.90 | Mud flap |
| | 8714.10.90 | Muffler |
| | 8714.10.90 | Muffler protecting cover |
| | 8714.10.90 | Nail cable guide |
| | 8714.10.90 | Net protect |
| | 8714.10.90 | Owner's manual book |
| | 8714.10.90 | Ornamental plate comp |
| | 8714.10.90 | Plate set upper pressure |
| | 8714.10.90 | Panel brake comp front & rear |
| | 8714.10.90 | Panel box |
| | 8714.10.90 | Plug RR fender RR |
| | 8714.10.90 | Pivot stand |
| | 8714.10.90 | Peephole cap |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| | 8714.10.90 | Protector comp |
| | 8714.10.90 | Pedal comp. gear change |
| | 8714.10.90 | Plate upper linking |
| | 8714.10.90 | Pin |
| | 8714.10.90 | Pressure plate |
| | 8714.10.90 | Plug -seat lock cable |
| | 8714.10.90 | Rim comp (front and rear) |
| | 8714.10.90 | Retiiner |
| | 8714.10.90 | Rear scutcheon |
| | 8714.10.90 | Rim comp. |
| | 8714.10.90 | Rear cushion |
| | 8714.10.90 | Reflector front |
| | 8714.10.90 | Rear grabe holder |
| | 8714.10.90 | Ring snap |
| | 8714.10.90 | Rear brake |
| | 8714.10.90 | Steering stem |
| | 8714.10.90 | Sleeve |
| | 8714.10.90 | Shaft |
| | 8714.10.90 | Seat cowl |
| | 8714.10.90 | Shock absorber (front & rear ) |
| | 8714.10.90 | Side cover (LH & RH) |
| | 8714.10.90 | Stripe (left and right) |
| | 8714.10.90 | Step (left and right) |
| | 8714.10.90 | Swing arm |
| | 8714.10.90 | Seat lock |
| | 8714.10.90 | Step holder |
| | 8714.10.90 | Tool kit |
| | 8714.10.90 | Torque rod |
| | 8714.10.90 | Upper bracket assly |
| | 8714.10.90 | Wheel& brake comp. set (front and rear) |
| | 8714.10.90 | Wheel comp. (front and rear) |
| | 8714.10.90 | Bkt comp LH & RH eng front |
| | 8714.10.90 | Bkt cowling |
| | 8714.10.90 | Bkt fairing top |
| | 8714.10.90 | Bracket fender-drum |
| | 8714.10.90 | Bracket flap support LH& RH |
| | 8714.10.90 | Bracket head lamp |
| | 8714.10.90 | Bracket NO. Plate |
| | 8714.10.90 | Engine mounting bracket |
| | 8714.10.90 | Seat base/base plate of Seat |
| | 8714.10.90 | Support front label |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| 90.29 | 9029.20.10 | Speedo meter |
| 90.32 | 9032.89.00 | DC regulator with capacitor |
| 87.14 | 8714.91.00 | Frame and forks and parts thereof |
| | 8714.10.90 | Leg guard |
| | 8714.10.90 | Sari guard |
| | 8714.10.90 | Grip frame |
| | 8714.10.90 | Center stand |
| | 8714.10.90 | Side stand |
| | 8714.10.90 | Number plate |
| | 8714.94.00 | Brake lever |
| | 8714.10.90 | Fuel tank |
| | 8714.10.90 | Key set |
| | 8714.10.90 | Throttle cable |
| | 8714.10.90 | clutch cable |
| | 8714.10.90 | Brake cable |
| | 8714.10.90 | Battery cable |
| | 8714.10.90 | HT coil |
| | 8714.10.90 | Brake drum |
| | 8714.10.90 | chain |
| | 8714.10.90 | Stay |
| | 8714.10.90 | EFI |
| | 8714.10.90 | Carburetor |
| | 8714.10.90 | Master cylinder (Brakes and servo brakes; parts thereof) |
| | 8714.10.90 | ABS related parts |
| | 8714.10.90 | SAI unit |
| 84.82 | 84.82.10.00 | Ball or Roller bearings |
| | 84.82.40.00 | Needle roller bearings |
| | 84.82.99.00 | Other Bearings |
| 85.12 | 8512.20.10 | Tail lamp & Tail lamp assembly |
| 85.36 | 8536.50 00 | Brake switch |
| | 8536.10 00 | Fuse Box |
| 94.01 | 9401.20.00 | Seat Assy |

পরিশিষ্ট-২

<u>শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রগতিশীল মোটর সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা</u>

০১। বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড, উজিলাব, শ্রীপুর, গাজীপুর

০২। রানার অটোমোবাইলস লিমিটেড, পাড়াগাঁও, ভালুকা, ময়মনসিংহ

০৩। উত্তরা মোটর কর্পোরেশন লিমিটেড় এ৬/এ৭, বিসিক শিল্প নগরী, বগুড়া

০৪। নিলয় মোটরস লিমিটেড, ১০৫০, মৌচাক কালিয়াকৈর, গাজীপুর

০৫। টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড, ২৩৯, আউচপাড়া (হোসেন মার্কেটের নিকটে), টঙ্গী, গাজীপুর

০৬। আফতাব অটোমোবাইলস লিমিটেড, ফৌজদারহাট ভারী শিল্প এলাকা, জাফরাবাদ, চট্টগ্রাম

০৭। মেনোকা মটরস লিমিটেড, বি-১৬, বিসিক শিল্প নগরী, টঙ্গী

০৮। স্পিডোজ লিমিটেড, পাইকাড় প্লাজা, বড়গোলা, বগুড়া এবং ওয়ার্ড-৮, দক্ষিণপাড়া, ধামরাই, ঢাকা

০৯। রেনকন মোটর বাইকস লিমিটেড, বড় ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর

১০। রাসেল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ২৩২০ খর্দ্দা ঘোষপাড়া, সানারপাড়, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ

১১। রোডমাস্টার মটরস্ লিমিটেড, তিতুইবাড়ি, সারাবো, কাশিমপুর, জয়দেবপুর, গাজীপুর-১৭০০

১২। নিউ গ্রামীণ মটরস্ লিমিটেড, হোল্ডিং নং-১৮০৯, শিমলাপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর